গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, বাজেট শাখা
www.lawjusticediv.gov.bd।

নং-১০.০০.০০০০.১২৬.০৬.০৩৩.১৫-২৯০০ তারিখ-২৩-০৫-২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ-মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর (**Attached Department**) এবং অধস্তন অফিসসমূহের প্রদত্ত আর্থিক ক্ষমতা (অনুন্নয়ন) বহির্ভুত বাজেট মঞ্জুরি আদেশের বিপরীতে বিল পরিশোধ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর (**Attached Department**) এবং অধস্তন অফিস সমূহকে প্রদত্ত আর্থিক ক্ষমতা (অনুন্নয়ন) সংশোধন সম্পর্কিত অর্থ বিভাগ কর্তৃক গত ১৬/০৮/২০১৫ খ্রিঃ তারিখে ০৭. ০০. ০০০০. ১৫১. ২২. ০০৩. ১৫-৩৫১(১) নং স্মারকে জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত সচিব (সিনিয়র সচিব ও ভারপ্রাপ্ত সচিব) তাঁর মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর (**Attached Department**) এবং অধস্তন অফিসসমূহের প্রাপ্তি ও মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নিয়ন্ত্রিত বাজেট মঞ্জুরী হতে যে ব্যয় নির্বাহ হবে সে বিষয়ে প্রধান হিসাবদানকারী কর্মকর্তার (**Principal Accounting Officer**) দায়িত্ব পালন করেন।

অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহে আইন ও বিচার বিভাগের বাজেটের অনুকূলে মঞ্জুরীকৃত বাজেট থেকে অর্থ বরাদ্দ প্রদান করা হয়। আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগসমূহ নিজ আর্থিক ক্ষমতার মধ্যে যতটুকু সঙ্গত বিবেচনা করবে ততটুকু সংযুক্ত দপ্তর ও অধস্তন অফিসসমূহকে অর্পণ করতে পারবে।

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ ১৬ আগস্ট ২০১৫ খ্রিস্টাব্দ এর আর্থিক ক্ষমতা অর্পণ (**Delegation of Financial Powers**) ও আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ (**Sub-Delegation of Financial Powers**) অনুন্নয়ন বাজেটে প্রদত্ত আর্থিক ক্ষমতার টেবিল অনুযায়ী মন্ত্রণালয়/ বিভাগ, সংযুক্ত দপ্তর-প্রধান, বিভাগীয়/আঞ্চলিক অফিস সমূহ তাদের উপর অর্পিত আর্থিক ক্ষমতা প্রয়োগ করে থাকেন।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু দপ্তর থেকে উক্ত টেবিল বহির্ভুতভাবে মঞ্জুরি আদেশ প্রদান করা হচ্ছে এবং উক্ত মঞ্জুরি আদেশের অনুকূলে বিলও দাখিল করা হচ্ছে, যা বিধি-সম্মত নয়।

এমতাবস্থায়, আইন ও বিচার বিভাগের অনুকূলে মঞ্জুরিকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে বাজেটে প্রদত্ত আর্থিক ক্ষমতা বন্টনের টেবিল অনুযায়ী আইন ও বিচার বিভাগের অনুমতি ছাড়া উপস্থাপিত বিল (টি,এ/ডি,এ সহ) প্রদান করা হলে তার দায়িত্ব এ বিভাগ বহন করবে না মর্মে তাঁর অধিনস্থ সকল জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।

২৩/০৫/১৭
(মোশতাক আহাম্মদ)
সিনিয়র সহকারী সচিব
(বাজেট)

হিসাব মহা-নিয়ন্ত্রক
বাংলাদেশ, ঢাকা
সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ ।

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা জজ ........................................

৩। মহানগর দায়রা জজ ..............................................
৪। বিভাগীয় বিশেষ জজ .............................................
৫। বিশেষ জজ .............................................
৬। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/দ্রুত বিচার ট্রাইব্যুনাল/ পরিবেশ আপীল আদালত ........................................
৭। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ..................................
৮। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ নং-৫০৩, ৫ম তলা সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।